[redacted]

[redacted]

শিক্ষার্থীদের উদ্দেশে বক্তারা আরও বলেন, শিক্ষাবৃত্তির এই সহযোগিতাকে কাজে লাগিয়ে নিজেদের যোগ্য ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। শুধু প্রাতিষ্ঠানিক পড়াশোনায় সীমাবদ্ধ না থেকে সহশিক্ষা কার্যক্রম, সামাজিক উদ্যোগ ও সাংস্কৃতিক কর্মকাণ্ডেও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে নিজেদের প্রতিভার বিকাশ ঘটাতে হবে।

সভাপতির বক্তব্যে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক বশির আহমেদ বলেন, “উচ্চশিক্ষা অর্জনে অর্থ যেন বাধা হয়ে না দাঁড়ায় এবং মেধাবীরা যেন নিজেদের যোগ্যতা অনুযায়ী দেশের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে জায়গা করে নিতে পারে, সেই লক্ষ্যেই সাত বছর আগে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং গ্রুপের পক্ষ থেকে আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষাবৃত্তি চালু করি। জেনে ভালো লাগছে, আমাদের এই বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনেকেই এখন মেডিকেল, প্রকৌশল, কৃষিসহ বিভিন্ন বিষয়ে দেশের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করছে। তাদের উচ্চশিক্ষার স্বপ্নপূরণে সামান্য সহযোগিতা নিয়ে পাশে থাকতে পেরে আমরা গর্বিত।”

অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বপ্নশীলনের নির্বাহী পরিচালক হাফিজ আল আসাদ। শুরুতে স্বাগত বক্তব্য দেন লেখক, সংগঠক ও বাংলাদেশ ব্যাংকের যুগ্মপরিচালক নাজমুল হুদা। ধন্যবাদ জ্ঞাপন করেন শিক্ষাবৃত্তি কার্যক্রমের আহ্বায়ক ও জাতীয় ক্রীড়া সংগঠক মো. আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে সংশ্লিষ্টরা শিক্ষার্থীদের কল্যাণে বৃত্তি কার্যক্রমকে আরও সহজ, প্রযুক্তিবান্ধব ও ফলপ্রসূ করার ওপর গুরুত্বারোপ করেন। তাঁদের মতে, প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণ এবং উচ্চশিক্ষা ও ক্যারিয়ারবিষয়ক দিকনির্দেশনা যুক্ত করা গেলে এ উদ্যোগের ইতিবাচক প্রভাব আরও বিস্তৃত হবে।

শিক্ষাবৃত্তির এ আয়োজন মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি দেওয়ার পাশাপাশি তাঁদের উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়নে বেসরকারি উদ্যোগের একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

মেহেরপুরে সোনালী লাইফ ইন্স্যুরেন্সের মৃত্যুদাবী চেক প্রদান

মেহেরপুরে সোনালী লাইফ ইন্স্যুরেন্সের গ্রাহকের মৃত্যুদাবি চেক প্রদান করা হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর শহরের তাঁতীপাড়ায় এ উপলক্ষে দোয়া মাহফিল ও চেক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। সোনালী লাইফ ইন্স্যুরেনন্সের মেহেরপুর মেট্টোর এফএ রওশন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. এহান উদ্দিন মনা। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সোনালী লাইফ ইন্স্যুরেনন্সের মেহেরপুর মেট্টোর ইনচার্জ শরিফুল ইসলাম পলাশ। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মহিলা কাউন্সিলর মনোয়ারা খাতুন, ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান জনি।

অনুষ্ঠানে গ্রাহক আসাদুল ইসলাম হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তাঁর কাগজ পত্র জমাদান সাপেক্ষে মাত্র সাত কর্মদিবসের মধ্যে বীমা দাবির এক লক্ষ টাকার চেক হস্তান্তর করা হয় এবং মরহুমের আত্মার মাগফিরাত কামনাই দোয়ার মাফফিলের ব্যবস্থা করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, ফিন্যান্সিয়াল অ্যাসোসিয়েট জুবায়েদ আহমেদ শাম্মী। অনুষ্ঠানের আমন্ত্রিত অতিথি বৃন্দ তাদের বক্তব্যে সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড এর ভুয়সী প্রশংসা করেন।

কোটচাঁদপুরে প্রতিবন্ধী জহুরাকে হুইল চেয়ার ও চেক প্রদান

প্রতিবন্ধী জহুরাকে হুইল চেয়ার ও চেক তুলে দিলেন কোটচাঁদপুরের উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। আজ বৃহস্পতিবার সকালে তাঁকে এ সব দেয়া হয়।

সম্প্রতি প্রতিবন্ধী জহুরাকে নিয়ে বেশ কিছু পত্রিকা ও অনলাইন পোটালে সংবাদ প্রকাশিত হয়। তুলে ধরা হয় তাঁর জীবন জীবিকা ও তাঁর বাস্তব ছবি।

সংবাদটি দৃষ্টি গোচর হয় কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মের ওই সময় তিনি জহুরার সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

এরপেক্ষিতে আজ বৃহস্পতিবার সকালে জহুরাকে হুইল চেয়ার ও তাঁর বাসস্থান তৈরিতে চেক দেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, শিক্ষা কর্মকর্তা সাকি সালাম।

দামুড়হুদায় দুঃস্থ ও অসহায়দের মাঝে অনুদানের চেক প্রদান

দামুড়হুদা উপজেলার দুঃস্থ ও অসহায় উপকারভোগীদের মাঝে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি’র ২০২৩-২৪ অর্থ বছরের ঐচ্ছিক তহবিল হতে বরাদ্দকৃত অনুদানে চেক প্রদান করা হয়।

আজ রবিবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়জনে পরিষদের সম্মেলন কক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার ৪৪ জন উপকার ভোগীদের মাঝে চেক বিতরণ করেন এমপি টগর। প্রধান

অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দরিদ্র ও অসহায় মানুষদের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ২০২৩-২৪ অর্থ বছরে ঐচ্ছিক তহবিল হতে আজ দুস্থদের মাঝে বরাদ্দকৃত অর্থের চেক বিতরণ করা হচ্ছে। ইচ্ছে করলে এই অর্থ অন্য কাজেও ব্যাবহার করা যেত। কিন্তু জননেত্রী শেখ হাসিনা সব সময় চাই দুস্থ ও অসহায় মানুষের জন্য কাজ করতে। তারই ধারাবাহিকতায় উপজেলার ৪৪ জন অসহায় পরিবারের মাঝে বরাদ্দকৃত ঐচ্ছিক তহবিলের চেক প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাঃ মোঃ মামুনুর রশীদ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে বিভিন্ন মসজিদ, মাদরাসা ও মন্দির উন্নয়নে আথিক চেক প্রদান

২০২২-২৩ অথ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষানাবেক্ষন (টি আর)কমসূচির আওতায় ১ম পযায়ের নিবাচনী এলাকা ভিক্তিক জীবননগর উপজেলার বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে বরাদ্ধকৃত অথের চেক প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা দুযোগ ব্যবস্থাপনা অফিসের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।